

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.৯৫.৯৯.৩৪.২০২৩. ০৬


তারিখ: ৫ জুন ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ আয়োবি ২০২৪ খ্রিষ্টাব্দ

কারণ দর্শনোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ আসলাম খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাখাই, হবিগঞ্জ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্প্রতি অনলাইন প্লাটফর্মে মাঠপর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক মৌলিক প্রশিক্ষণের আয়োজনে প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন। গত ২৭ নভেম্বর ২০২৩ তারিখে জনাব মোঃ নূর-ই-আলম, যুগ্মসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় উক্ত প্রশিক্ষণে আমন্ত্রিত প্রশিক্ষক হিসেবে সেশন পরিচালনা করেন। সেশন পরিচালনার শুরুতেই সেশনটিকে মিথস্ক্রিয় করার উদ্দেশ্যে জনাব মোঃ নূর-ই-আলম, যুগ্মসচিব কর্তৃক সকল প্রশিক্ষণার্থীকে ভিডিও মোড চালু রাখার জন্য অনুরোধ জানানো হয়। অন্যান্য প্রশিক্ষণার্থীগণ ভিডিও মোড চালু করলেও আপনি ভিডিও মোড বন্ধ রাখেন। এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করে জানতে চাওয়া হলে আপনি জানান “আমি প্রশিক্ষণে উপস্থিত আছি, আমার ভিডিও মোড চালু কেন করতে হবে, আপনার প্রশিক্ষণ আপনি করান”। তখন প্রশিক্ষণের শিষ্টাচারের বিষয়টি আপনাকে অবহিত করা হয় এবং প্রশিক্ষকের প্রশিক্ষণ পরিচালনা কৌশলের প্রতি সম্মান প্রদর্শনের জন্য অনুরোধ করা হয়। এরপুর অবস্থায় সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে সেশন পরিচালনার স্বার্থে আপনাকে ডিস্কানেষ্ট করার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের গবেষণা কর্মকর্তা জনাব মোঃ ইউসুফ রহমান- কে অনুরোধ জানানো হলে আপনি ক্ষিপ্ত হয়ে জনাব নূর-ই-আলম, যুগ্মসচিব-কে “ক্লাউডেল” বলে গালিগালাজ করেন;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোঃ আসলাম খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাখাই, হবিগঞ্জ, আপনার বিবুক্তে বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” অভিযোগে কেন বিভাগীয় ও শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

  
(আবু সাঈদ মোঃ ফজলে এলাহী)  
উপসচিব

বর্তমান কর্মসূল:

জনাব মোঃ আসলাম খান

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাখাই, হবিগঞ্জ।

অন্তিম:

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।